

# কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ২৮-০৪-২০২২

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (২৫-০৪-২০২২ থেকে ২৭-০৪-২০২২ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

## উক্ত সময়ের মধ্যে

### ২৫ শে এপ্রিল:

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব মেদিনীপুর জেলার দুয়েক জায়গায় অতি হালকা ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

### উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেমি) :

দীঘা-১

### ২৬ শে এপ্রিল:

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাঁকুড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম, পূর্ব ও পশ্চিম বর্ধমান, হুগলী, পশ্চিম মেদিনীপুর, বীরভূম, হাওড়া ও উত্তর ২৪ পরগণা জেলার দুয়েক জায়গায় তাপপ্রবাহ পরিলক্ষিত হয়েছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের নদীয়া ও হুগলী জেলার দুয়েক জায়গায় উষ্ণ রাতের পরিস্থিতি তৈরী হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

### ২৭ শে এপ্রিল:

উক্ত সময়ে নিম্নলিখিত জায়গায় শিলাবৃষ্টি হয়েছিল।

স্থান	তারিখ	সময় (ভারতীয় সময়)	ব্যাসার্ধ (সেমি)
জলপাইগুড়ি	২৭.৪.২২	২০০০-২৬০০	১.০

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের হুগলী জেলার দুয়েক জায়গায় তীব্র তাপপ্রবাহ পরিলক্ষিত হয়েছিল। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাঁকুড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম, পূর্ব ও পশ্চিম বর্ধমান, পশ্চিম মেদিনীপুর,

বীরভূম ও মুর্শিদাবাদ জেলার দুয়েক জায়গায় তাপপ্রবাহ পরিলক্ষিত হয়েছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলার অনেক জায়গায় অতি হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

### উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ (সেমি) :

কালিম্পাঙ, মাজিতার -৩; খানিটার -২, মাথাভাঙ্গা, দার্জিলিং, জলপাইগুড়ি-১

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৬১ থেকে ৮১ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৩৭ থেকে ৯৩ শতাংশ।

সর্বোচ্চ তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা ২৬ শে এপ্রিল বাঁকুড়ায় ৪৩.৭ ডিগ্রি সেলসিয়াস ছিল।

পরবর্তী ৩ দিন (২৯-০৪-২০২২ থেকে ০১-০৫-২০২২ অবধি) ভারতীয় সময় ০৮৩০ পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাস :

### দিন ১ -

পশ্চিমবঙ্গের দার্জিলিং, কালিম্পাঙ জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় তাপপ্রবাহের সম্ভবনা আছে। আগামী ৩ দিন রাজ্যের সমতলাংশে দিনের তাপমাত্রার কোনো উল্লেখযোগ্য পরিবর্তন হবেনা এবং পরবর্তী ২দিন ১-২ ডিগ্রী কমে যাওয়ার সম্ভবনা আছে।

### দিন ২-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, কোচবিহার জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলির দুয়েক জায়গায় তাপপ্রবাহের সম্ভবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

## দিন ৩ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাও, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, কোচবিহার জেলাগুলির কয়েক জায়গায় এবং মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, নদীয়া, পূর্ব বর্ধমান ও বীরভূম জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে।

## সতর্কীকরণ:

### দিন ১ -

পশ্চিমবঙ্গের দার্জিলিং ও কালিম্পাও জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম ও পশ্চিম মেদিনীপুর জেলাগুলির দুয়েক জায়গায় দ্বিপ্রহরে তাপপ্রবাহের সম্ভবনা আছে।

### দিন ২-

পশ্চিমবঙ্গের দার্জিলিং, কালিম্পাও, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, কোচবিহার জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া, বাঁকুড়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর ও বীরভূম জেলাগুলির দুয়েক জায়গায় দ্বিপ্রহরে তাপপ্রবাহের সম্ভবনা আছে।

### দিন ৩ -

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, বীরভূম, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর ও নদীয়া জেলাগুলির দুয়েক জায়গায় ৩০-৪০ কিমি/ঘন্টা বেগে ঝোড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম ও পশ্চিম মেদিনীপুর জেলাগুলির দুয়েক জায়গায় দ্বিপ্রহরে তাপপ্রবাহের সম্ভবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

*সুজাতা সায়*

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

২৮-০৪-২০২২

